# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৮১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং ক্বিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر هنا

---

আরবী

(صحيح) وروى اِبْنُ ماجه عَنْ الْقَاسِمِ بْنِ مِهْرَانَ وهو مجهول عَنْ أَبِي رَافِعٍ عَنْ أبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ
أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى نُخَامَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فَأَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ مَا بَالُ أَحَدِكُمْ يَقُومُ مُسْتَقْبِلَ رَبِّهِ فَيَتَنَخَّعُ أَمَامَهُ أَيُحِبُّ أَحَدُكُمْ أَنْ يُسْتَقْبَلَ فَيُتَنَخَّعَ فِي وَجْهِهِ إِذَا بصق أحدكم فليبصق عن شماله أو ليتفل هكذا في ثوبه ثم أراني إسماعيل ـ يعني ابن علية ـ يبصق في ثوبه ثم يدلكه.

বাংলা

২৮১. (সহীহ্) ইবনু মাজাহ্ কাসেম বিন মেহরানের বরাতে (তিনি মাজহুল বা অজ্ঞাত রাবী[1]) আবু রাফে থেকে বর্ণনা করেন। তিনি আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণনা করেন। (আবু হুরায়রা বলেন,) রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একবার মসজিদের সম্মুখভাগে কফ দেখতে পেলেন। তখন মানুষের সামনে আসলেন, অতঃপর বললেনঃ

’’কি ব্যাপার! তোমাদের কোন ব্যাক্তি তার পালনকর্তার সম্মুখে দন্ডায়মান হয়, অতঃপর তার সম্মুখে থুথু নিক্ষেপ করে? এ ব্যাক্তি কি পছন্দ করে যে, তার সম্মুখে এসে তার চেহারায় থুথু নিক্ষেপ করা হোক? কারো যদি থুথু ফেলার দরকার হয়, সে যেন তার বাম দিকে থুথু নিক্ষেপ করে অথবা এইভাবে নিজের কাপড়ে থুথু ফেলে।’’

বর্ণনাকারী বলেনঃ ইসমাঈল বিন উলাইয়া আমাকে দেখাতে গিয়ে নিজের কাপড়ে থুথু নিক্ষেপ করলেন অতঃপর তা ঘষে দিলেন। (ইবনে মাজাহ ১০২২)

## ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, একথাটি মারাত্মক ভুল। কেননা কাসেম বিন মেহরান পরিচিত বর্ণনাকারী। ইবনে মাঈন তাঁর সম্পর্কে বলেন “তিনি নির্ভরযোগ্য”। আবু হাতেম বলেন, তিনি উপযুক্ত। ইমাম মুসলিম তাঁর হাদীছ দ্বারা দলীল দিয়েছেন। এবং এই হাদীছটি তাঁর সহীহ্ গ্রন্থেও উল্লেখ করেছেন দ্রঃ ৮৫৫ নং হাদীছ। হাদীছটি আরো বর্ণনা করেছেন ইমাম আহমাদ ও নাসাঈ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88052

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন